গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং- ৬৪৯ - বিচার-৩/১ডি-০৮/২০১১. তারিখঃ ০৭/১২/১৪

## আদেশ

যেহেতু, কিশোরগঞ্জের সাবেক যুগ্ম-জেলা ও দায়রা জজ, পরবর্তীতে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সংযুক্ত কর্মকর্তা (যুগ্ম-জেলা জজ) বর্তমানে মাগুরার যুগ্ম-জেলা ও দায়রা জজ জনাব মোঃ রুস্তম আলী এর বিরুদ্ধে ১৯৮৫সালের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে অভিযুক্ত করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০৮/২০১১ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, জনাব মোঃ জনাব মোঃ রুস্তম আলীর কারণ দর্শানোর প্রেক্ষিতে লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীকালে গৃহীত বক্তব্য, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজ পত্র পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে ১৯৮৫সালের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ প্রমানিত হয়নি।

যেহেতু, জনাব মোঃ জনাব মোঃ রুস্তম আলীর কারণ দর্শানোর প্রেক্ষিতে লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীকালে গৃহীত বক্তব্য, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজ পত্র পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে ১৯৮৫সালের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ প্রমানিত না হওয়ায় তাঁকে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ০৮/২০১১নং বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানের প্রস্তাব বাংলাদেশ সুপ্রীম কোর্টে প্রেরণ করা হলে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট তাঁকে ভবিষ্যতের জন্য সতর্ক করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের পরামর্শ প্রদান করেন।

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ অনুযায়ী কিশোরগঞ্জের সাবেক যুগ্ম-জেলা ও দায়রা জজ, পরবর্তীতে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সংযুক্ত কর্মকর্তা (যুগ্ম-জেলা জজ) বর্তমানে মাগুরার যুগ্ম-জেলা ও দায়রা জজ জনাব মোঃ রুস্তম আলী-কে ভবিষ্যতের জন্য সতর্ক করে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ০৮/২০১১ নং বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ
( আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক )
সচিব (দায়িত্ব প্রাপ্ত)।

নং- ৬৫৯ /১(৮)- বিচার-৩/১ডি-০৮/২০১১, তারিখঃ ০৭/১২/১৪

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ**

১। রেজিষ্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ, মাগুরা।
৩। জনাব মোঃ রুস্তম আলী, যুগ্ম-জেলা ও দায়রা জজ, মাগুরা
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫। সিনিয়র তথ্য কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৭। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
উপরের আদেশটি গেজেটে প্রকাশ করতে অনুরোধ করা হল।
৮। আইটি শাখা, আইন ও বিচার বিভাগ।

( মোহাম্মদ শাহীন উদ্দিন ) ৭/১২/১৪
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১।